

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৯৯০

৫/ হাজ (হজ/হজ) (এআটা باتك)

পরিচ্ছেদঃ ৮১. 'উমরা সম্পর্কে

بَابُ الْعُمْرَةِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، وَحَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ، عَنْ عَامِرٍ الْأَحْوَلِ، عَنْ بَكْرِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ: أَرَادَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ الْحَجَّ فَقَالَتْ: امْرَأَةٌ لِزَوْجِهَا أَحِجَّنِي عَعَى رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى جَمَلِكَ، فَقَالَ: مَا عِنْدِي مَا أُحِجُّكِ عَلَيْهِ، مَعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: إِنَّ امْرَأَتِي تَقْرَأُ عَلَيْكَ السَّلَامَ وَرَحْمَةَ اللَّهِ، وَإِنَّهَا اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: إِنَّ امْرَأَتِي تَقْرَأُ عَلَيْكَ السَّلَامَ وَرَحْمَةَ اللَّهِ، وَإِنَّهَا اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقُلْتُ: مَا سَأَلَتْنِي الْحَجَّ مَعَكَ، قَالَتْ: أَحِجَّنِي مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقُلْتُ: مَا سَأَلَتْنِي الْحَجَّ مَعَكَ، قَالَتْ أَحِجَّنِي مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقُلْتُ: مَا عِنْدِي مَا أُحِجُّكِ عَلَيْهِ، فَقَالَتْ أَحِجَّنِي عَلَى جَمَلِكَ فُلَانٍ، فَقُلْتُ: ذَاكَ حَبِيسٌ فِي سَبِيلِ اللّهِ، فَقَالَتْ أَعْرَبْنِي أَنْ أَسْأَلكَ مَا اللّهِ، فَقَالَ: أَمَا إِنَّكَ لَوْ أَحْجَجْتَهَا عَلَيْهِ كَانَ فِي سَبِيلِ اللهِ؟ قَالَ: وَإِنَّهَا أَمْرَتْنِي أَنْ أَسْأَلكَ مَا يَعْدِلُ حَجَّةً مَعَكَ، فَقَالَ رَسُولُ اللّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَقُرِبُهَا السَّلَامَ وَرَحْمَةَ اللّهِ وَبَرَكَاتِهِ، وَأَخْبِرْهَا أَنَّهَا تَعْدِلُ حَجَّةً مَعِكَ، فَقَالَ رَسُولُ اللّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَقُرِبُهَا السَّلَامَ وَرَحْمَةَ اللّهِ وَبَرَكَاتِهِ، وَأَخْبِرْهَا أَنَّهَا تَعْدِلُ حَجَّةً مَعِكَ، فَقَالَ رَسُولُ اللّهِ صَلَّى اللهُ عَلْهُ فِي رَمَضَانَ

حسن صحيح

বাংলা

১৯৯০। ইবনু 'আব্বাস (রাযি.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হজের (হজের) ইচ্ছা করলেন। তখন জনৈক মহিলা (উন্মু মা'কিল) তার স্বামীকে বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে আমার হজে (হজে) গমনের ব্যবস্থা করে দিন। তিনি বললেন, তোমাকে হজে (হজে) পাঠাবার মতো (বাহন) ব্যবস্থা আমার কাছে নেই। তিনি (উন্মু মা'কিল) বললেন, অমুক উটটি দ্বারা আমাকে হজে (হজে) গমনের ব্যবস্থা করুন। তিনি বললেন, তা তো মহান শক্তিমান আল্লাহর পথে (জিহাদের জন্য) আবদ্ধ। অতঃপর তিনি রাসূলুল্লাহু সাল্লাল্লাভু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বললেন, আমার স্ত্রী আপনাকে সালাম



জানিয়েছে এবং আপনার উপর আল্লাহর রহমত কামনা করেছে। সে আপনার সাথে হজে (হজে) যেতে আমার কাছে অনুমতি চেয়ে বলেছে, আমাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে হজে (হজে) গমনের ব্যবস্থা করে দিন।

আমি বলেছি, আমার কাছে তোমাকে হজে (হজে) পাঠানোর কোনো ব্যবস্থা নেই। সে বললো, অমুক উট দ্বারা আমাকে হজে (হজে) গমনের সুযোগ দিন। আমি বললাম, সেটি তো মহান শক্তিমান, আল্লাহর পথে (জিহাদের জন্য) আবদ্ধ। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তুমি তাকে সেটির দ্বারা হজে (হজে) গমনের ব্যবস্থা করে দিলে তাও আল্লাহর পথেই হতো। সে আমাকে আপনার কাছে জিজ্ঞেস করতে বলেছে, আপনার সাথে হজ (হজ্জ) করার সমতুল্য সওয়াব পাওয়ার মতো কোনো কাজ আছে কিনা? রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তাকে আমার সালাম জানাবে, তার উপর আল্লাহর রহমত ও বরকত বর্ষিত হোক। তাকে এ সংবাদও দিবে, রমযান মাসে 'উমরা করা আমার সাথে হজ (হজ্জ) করার সমতুল্য।[1]

হাসান সহীহ।

English

Narrated Abdullah Ibn Abbas:

The Messenger of Allah (ﷺ) intended to perform hajj.

A woman said to her husband: Let me perform hajj along with the Messenger of Allah (ﷺ).

He said: I have nothing on which I can let you perform hajj. She said: You may perform hajj on your such-and-such camel. He said: That is dedicated to the cause of Allah, the Exalted. He then came to the Messenger of Allah (**) and said: My wife has conveyed her greetings and the blessings of Allah to you. She has asked about performing hajj along with you. She said (to me): Let me perform hajj with the Messenger of Allah (**). I said (to her): I have nothing upon which I can let you perform hajj. She said: Let me perform hajj on your such-and-such camel. I said: That is dedicated to the cause of Allah, The Exalted.

He replied: If you let her perform hajj on it, that would be in the cause of Allah.

He said: She has also requested me to ask you: What is that action which is equivalent to performing hajj with you?



The Messenger of Allah (ﷺ) said: Convey my greetings, the mercy of Allah and His blessings to her and tell her that umrah during Ramadan is equivalent to performing hajj along with me.

ফুটনোট

[1]. দারিমী, ইবনু খুযাইমাহ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন